Criminal • Cases • Review • Commission
Independently Investigating Miscarriages of Justice

ক্রিমিনাল • কেসেজ • রিভিউ • কমিশন

নিরপেক্ষ ভাবে ন্যায়বিচারের ব্যর্থতার সম্বন্ধে অনুসন্ধান করে

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের (CCRC) সম্বন্ধে প্রশ্ন ও উত্তর

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন কি?

যেসব মামলার ক্ষেত্রে তাদের আপীলে লোকে ইতিমধ্যেই হেরে গেছে, কিন্তু তারা বিশ্বাস করে যে কোন অপরাধের জন্য তাদের ভুল করে কন্ভিক্ট (অপরাধী সাব্যস্ত) করা হয়েছে অথবা তাদের ভুল করে শাস্তি দেওয়া হয়েছে, সেই সব ক্ষেত্রে যে প্রতিষ্ঠান অনুসন্ধান করে দেখে তারা হচ্ছে ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন (CCRC)।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন যদি দেখে যে কোন কন্ভিক্শনে (অপরাধী সাব্যস্ত হওয়াতে) বা শাস্তিতে কোন ভুল আছে, তাহলে আমরা সেই মামলাটিকে আপীল কোর্টে ফেরত পাঠাতে পারে।

এই ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন হচ্ছে **সম্পূর্ণ নিরপেক্ষ**। আমরা আদালত, পুলিশ অথবা প্রসিকিউশনের হয়ে কাজ করি না। যেসব লোকরা তাদের মামলার পুনর্বিচার করার জন্য আবেদন করেন, আমরা তাদের হয়ে কাজ করি না। আমরা সব দিকের থেকে নিরপেক্ষ থাকি, যাতে ন্যায়বিচারে ভুল হওয়ার অভিযোগের অনুসন্ধান আমরা নিরপেক্ষ ভাবে করতে পারি।

যদি কোন গুরুত্বপূর্ণ নতুন প্রমাণ থাকে অথবা অন্য কোন গুরুত্বপূর্ণ নতুন বিষয় থাকে যা হয়ত সেই কন্ভিক্শন বা শাস্তির নিরাপত্তার ওপর প্রভাব ফেলতে পারে, তাহলে আমরা সেই মামলাটি আপীল কোর্টে আবার ফেরত পাঠাতে পারি।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন কি করে?

- কোন ম্যাজিস্ট্রেটের কোর্ট, ক্রাউন কোর্ট, কোন ইউথ কোর্ট, কোর্ট মার্শাল অথবা সার্ভিস সিভিলিয়ান কোর্টের ক্রিমিনাল (ফৌজদারী) কন্ভিক্শন বা শাস্তির বিষয়ে আমরা অনুসন্ধান **করে দেখতে পারি**।
- শুধুমাত্র আপীল কোর্টই কোন কনভিক্শন বাতিল করে দিতে পারে অথবা শাস্তি কমিয়ে দিতে পারে। ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাজ হচ্ছে মামলাগুলিকে খুঁটিয়ে দেখা এবং আমরা যদি মনে করি যে তা করার ভাল কারণ আছে, তাহলে সেগুলি আপীল কোর্টে ফেরত পাঠানো। আমরা যদি কোন মামলা আপীলের জন্য পাঠাই, তাহলে আদালতকে সেই আপীলটা অবশ্যই শুনতে হবে। **আমরা যখন কোন মামলা আপীলের জন্য পাঠাই, তখন**

আদালত সেই আপীলটাকে প্রত্যাখ্যান করলেও, শাস্তিটা বাড়িয়ে দিতে পারবে না।

- মামলাগুলির বিষয়ে অনুসন্ধান করতে সাহায্য করার জন্য **আমাদের বিশেষ আইনগত ক্ষমতা আছে**। আমরা যেসব কাগজপত্র পাওয়া দরকার বলে মনে করি সেগুলি ইংল্যান্ড-এর সরকারী ও বেসরকারী সংস্থাগুলির কাছ থেকে যোগাড় করার জন্য আমরা এই ক্ষমতাগুলি ব্যবহার করতে পারি। এর মধ্যে রয়েছে পুলিশ, প্রসিকিউশন এবং আদালতের কাছে থাকা তথ্য। আমরা প্রমাণ বিশ্লেষণ করে দেখতে পারি, মামলা মোকদ্দমার ফলাফলের থেকে তৈরী হওয়া নতুন আইন বিবেচনা করে দেখতে পারি, বৈজ্ঞানিক বিশেষজ্ঞদের নির্দেশ দিতে পারি এবং নতুন ও পুরানো সাক্ষীদের খুঁজে বের করে ইন্টারভিউ করতে পারি।
- আমরা **স্বাধীন**। তাদের কি কি কাগজপত্র যোগাড় করতে হবে এবং কি কি অনুসন্ধান করে দেখতে হবে তা ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন স্থির করে।
- আমরা পুরানো মামলাগুলি খুঁটিয়ে দেখতে **পারব**। ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করার জন্য কোন সময়ের সীমা নেই। তবে, খুব পুরানো মামলাগুলির ক্ষেত্রে এটা অপেক্ষাকৃত কঠিন হতে দাঁড়াতে পারে, কারণ কাগজপত্র ও প্রমাণ হয়ত ধ্বংস হয়ে গিয়ে থাকতে পারে।
- আপনার কোন আইন সংক্রান্ত প্রতিনিধি না থাকলেও আমরা আপনার মামলার বিষয়ে খুঁটিয়ে দেখতে পারব। আমাদের কাছে আবেদন করার জন্য **আপনার কোন আইন সংক্রান্ত প্রতিনিধি থাকার দরকার নেই**, কিন্তু একজন সলিসিটার হয়ত সাহায্য করতে পারবেন।
- আমরা কোন প্রিভেন্‌শন অর্ডার (নিষিদ্ধ করার আদেশ) খুঁটিয়ে দেখতে পারব **না**, শুধু যে কন্‌ভিক্‌শন বা শাস্তির ফলে এটা দেওয়া হয়েছে শুধু সেটাই আমরা বিবেচনা করে দেখতে পারব।
- আমরা কোন সিভিল (দেওয়ানী) ব্যাপার অথবা ইমিগ্রেশন সংক্রান্ত ব্যাপার অনুসন্ধান করে দেখতে পারব **না**।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে কারা আবেদন করতে পারেন?

যারা বিশ্বাস করেন যে ভুল করে কোন ক্রিমিনাল অপরাধে তাদের কন্‌ভিক্ট করা হয়েছে অথবা তাদের ভুল শাস্তি দেওয়া হয়েছে এবং তাদের যদি ইংল্যান্ড, ওয়েল্‌স বা নরদার্ন আয়ারল্যান্ড-এর কোন ক্রিমিনাল আদালতে কন্‌ভিক্ট করা হয়ে থাকে, তাহলে তারা সকলেই ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করতে পারবেন।

আপনার কন্‌ভিক্‌শন বা শাস্তি, অথবা দু'টির বিষয়েই আপনি আমাদের অনুসন্ধান করে দেখতে বলতে পারেন।

আমাদের কাছে আবেদন করার জন্য **কোন খরচ হয় না**।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আমার কখন আবেদন করা উচিত?

প্রচলিত পদ্ধতির মাধ্যমে আদালতের কাছে আপীল করার চেষ্টা করার পরে আপনার ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করা উচিত। আপনি যদি মনে করেন যে আপীল করার শেষ তারিখ চলে গেছে, তাহলেও আপনার আপীল করার চেষ্টা করতে পারেন।

আপনি যদি আদালতের কাছে আপীল না করে থাকেন, তাহলে বিভিন্ন ফর্ম আছে, যেগুলি আপনার প্রথম আপীল শুরু করার জন্য পূরণ করার দরকার হবে। অনেক সময় এই ফর্মগুলি এই কাগজটির পেছনে আটকানো থাকে। আপনি যদি এই ফর্মগুলি খুঁজে না পান, তাহলে আপনি ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সাথে যোগাযোগ করতে পারেন এবং আমরা আপনাকে এগুলি পাঠিয়ে দেব।

আপনি যদি ইতিমধ্যেই আপনার আপীলে হেরে গিয়ে থাকেন, কিন্তু তবুও আপনি মনে করেন যে আপনাকে ভুল করে কন্‌ভিক্ট করা হয়েছে বা শাস্তি দেওয়া হয়েছে, তাহলে আপনার মামলাটির পুনর্বিচার করে দেখার জন্য আপনার ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আপীল করা উচিত।

আমি যদি আপীল না করে থাকি, তাহলে কি হবে?

আপনি যদি প্রচলিত উপায়ে আদালতের কাছে আপীল না করে থাকেন, তাহলে সাধারণতঃ ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন আপনার কাছে চিঠি লিখে জানাবে যে আপনার ফিরে গিয়ে স্বাভাবিক ভাবে আপীল করার চেষ্টা করার দরকার হবে।

স্বাভাবিক ভাবে আপীল করার চেষ্টা করার আগেই লোকে যদি আমাদের কাছে আবেদন করেন, তাহলে খুব কম ক্ষেত্রেই ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন সেগুলি গ্রহণ করে। আগের কোন আপীল থাকার অভাবে, আমরা শুধু সেই সব ক্ষেত্রেই মামলাগুলি পাঠাতে পারি যদি ‘‘ব্যতিক্রমী পরিস্থিতি’’ (খুব বিশেষ কারণ) থাকে।

‘‘ব্যাতিক্রমী পরিস্থিতিগুলি’’ কি?

ব্যতিক্রমী পরিস্থিতি খুব কমই দেখা যায়। আপনি কেন আপীল করেননি এবং **ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সাহায্য ছাড়া আপনি কেন আপীল করতে পারবেন না**, তার একটা ভাল কারণ থাকতে হবে। নিজে থেকেই ব্যতিক্রমী পরিস্থিতি হওয়ার মত কোন পরিস্থিতি নেই। প্রতিটি ক্ষেত্রের তথ্য বিচার করে আমরা স্থির করি যে ব্যতিক্রমী পরিস্থিতি ছিল কিনা।

কোন্ পরিস্থিতি ব্যাতিক্রমী পরিস্থিতি নয়?

যা ব্যতিক্রমী পরিস্থিতি **নয়** তার কয়েকটি উদাহরণ নিচে দেওয়া হল:

- আপনি আপীল করতে ভুলে গেছেন অথবা শেষ তারিখের মধ্যে করেননি। এই রকম পরিস্থিতিতে আপনি তখনও আদালতের কাছে একটা আপীলের জন্য অনুরোধ করতে পারেন। এটাকে ‘‘আউট অভ্ টাইম’’ (সময়ের বাইরে) আপীল করা বলে।
- আপনার সলিসিটার বা ব্যারিস্টারের কাছ থেকে আপনি পরামর্শ পেয়েছেন যে আপনার আপীল করার কোন কারণ নেই। এটা আপনাকে আপীল করার থেকে বিরত করে না।

- আপীল করতে আপনাকে সাহায্য করার জন্য কোন সলিসিটার বা ব্যারিস্টার পেতে সক্ষম হননি। আইন সংক্রান্ত সাহায্য ছাড়াই আপনি আপীল করার জন্য আবেদন করতে পারেন।

স্বাভাবিক ভাবে আপীল করার সম্বন্ধে আমি কোথায় তথ্য পেতে পারি?

হাউ টু এ্যাপীল (How to Appeal) নামের একটা বইয়ে আপনি অনেক কাজে লাগার মত তথ্য পাবেন। দাতব্য প্রতিষ্ঠান জাস্টিস এটা প্রকাশ করেছে। জেলের লাইব্রেরীতে আপনি হয়ত এর একটা কপি পেতে পারবেন এবং www.justice.org.uk/resources.php/274/how-to-appeal ঠিকানায় এটা ইন্টারনেটে পাওয়া যাবে। তাছাড়াও, একটা আপীলের ফর্মের জন্য অনুরোধ করার উদ্দেশ্যে, আপনি ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে অনুরোধ করতে পারেন।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আমি কি ভাবে আবেদন করতে পারি?

- আপনি যদি কোন আপীলে হেরে গিয়ে থাকেন এবং আপনি যদি এখন ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করতে চান, তাহলে ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের দরখাস্তের ফর্ম ব্যবহার করে আপনার লিখিত ভাবে দরখাস্ত করার দরকার হবে। এই দরখাস্তের ফর্মটা কোন পরীক্ষা নয়, এবং সেটাকে আমরা যতটা সম্ভব ততটা সহজ করার চেষ্টা করেছি। আপনি যদি আমাদের সাথে যোগাযোগ করেন, তাহলে আমরা একটা দরখাস্তের ফর্ম ডাক মারফৎ পাঠিয়ে দেব। আমাদের সাথে যোগাযোগ করার তথ্য এই কাগজের শেষে রয়েছে। আমাদের কাছে পাঠিয়ে দেওয়ার আগে, আপনাকে অবশ্যই সেই দরখাস্তের ফর্মে সই করতে হবে।

- আপীল কোর্টের কাছে আপনার মামলাটা ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের পাঠাতে পারার জন্য **গুরুত্বপূর্ণ নতুন প্রমাণ অথবা নতুন আইনগত যুক্তি** থাকার দরকার হবে। এটার এমন কিছু হওয়া দরকার যেটা এর আগে ইতিমধ্যেই কোন আদালতে তোলা হয়নি।

- আপনার কন্‌ভিক্‌শন এবং/অথবা শাস্তিতে কি ভুল হয়েছে সে বিষয়ে সব কিছু আমাদের বলার জন্য এই দরখাস্তের ফর্মটা হচ্ছে আপনার সুযোগ।

"গুরুত্বপূর্ণ নতুন প্রমাণ অথবা নতুন আইনগত যুক্তি" কি?

এর মানে হচ্ছে এমন কিছু, যেটা আপনার বিচারের বা আপনার আপীলের অন্তর্গত ছিল না – যেমন, সেই সময়ে এই নতুন প্রমাণের কথা জানা ছিল না, অথবা বিজ্ঞানের নতুন কোন উন্নতি। জুরী, জাজ অথবা ম্যাজিস্ট্রেটের জানা আছে এরকম কোন কিছুর ব্যাপারে আমরা আবার অনুসন্ধান করে দেখতে পারব না, এমন কি আপনার মামলায় তারা ভুল সিদ্ধান্ত নিয়েছে বলে আপনি বিশ্বাস করলেও। আমাদের নতুন এমন কিছু শনাক্ত করা দরকার, যেটার ফলে এখন আপনার মামলাটিকে খুব অন্য রকম দেখাবে।

আপনার দরখাস্তে যদি আপনার বিচারের সময় অথবা আপীলে যা বলা হয়েছিল শুধু সেই একই জিনিষগুলি আপনি আবার বলেন, তাহলে আমরা আপনাকে সাহায্য করতে পারব না। ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের নতুন ও গুরুত্বপূর্ণ কিছু পাওয়া দরকার, যেটার জন্য আপনার মামলার বিষয়ে আপীল কোর্টকে অন্য রকম ভাবে চিন্তা করতে দেবে।। যা যা নতুন ও আপনার মামলায়

একটা তফাৎ করতে পারে বলে আপনি মনে করেন, আপনার দরখাস্তের ফর্মে সেগুলির সম্বন্ধে আপনার সব কিছু আমাদের বলা দরকার।

আমার দরখাস্তের ফর্মটা নিয়ে আপনারা কি করবেন?

আমরা যখন আপনার দরখাস্তের ফর্মটা পাব, তখন তার পরে কি হবে সে বিষয়ে আমরা আপনাকে চিঠি লিখে জানাব। তারপরে, আমাদের যা যা জিনিষ দরকার হতে পারে তা আমরা যোগাড় করব, যেমন, যে আদালতে আপনাকে কন্‌ভিক্ট করা হয়েছিল সেখানকার এবং আপনার আপীলের ফাইলগুলি। আপনার মামলাটির আমরা পুনর্বিচার করতে পারব কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার আগে আমাদের হয়ত আরও কাগজপত্র সংগ্রহ করতে হবে। আমরা যদি স্থির করি যে আমাদের আপনার মামলাটার পুনর্বিচার করে দেখতে শুরু করা উচিত, তাহলে আপনাকে তা বলার জন্য আমরা আপনাকে চিঠি লিখব।

তবে, আমরা হয়ত সিদ্ধান্ত নেব যে আমরা আপনার মামলাটার পুনর্বিচার করে দেখতে পারব না, যেমন:

- আপনার কোন আপীল যদি শুনানীর অপেক্ষায় থাকে।
- আপনি যদি এর আগে আপীল করার চেষ্টা না করে থাকেন এবং আপনি স্বাভাবিক ভাবে আপীল করার চেষ্টা করার আগে আমরা কেন আপনার মামলাটার পুনর্বিচার করে দেখব তার যদি বিশেষ কোন কারণ না থাকে। (ওপরে দেওয়া *হোয়াট ইফ আই হ্যাভ নট এ্যাপীল্‌ড?* দেখবেন)
- যা আমাদের আপনার মামলাটা আপীলের জন্য পাঠাতে দেবে সেরকম কোন গুরুত্বপূর্ণ নতুন তথ্য আপনার দরখাস্ত যদি না দিতে পারে।

আমরা যদি স্থির করি যে আপনার ক্ষেত্রে এরকম একটা পরিস্থিতি প্রযোজ্য হবে, তাহলে আমরা আপনাকে চিঠি লিখে আমাদের সিদ্ধান্তটা বুঝিয়ে বলব।

আমার তথ্য নিয়ে আপনারা কি করবেন?

আপনি যদি ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করেন, তাহলে আপনার মামলাটা খুঁটিয়ে দেখতে সাহায্য করার জন্য আমরা আপনার দেওয়া তথ্যগুলি ব্যবহার করব। অন্যান্য প্রতিষ্ঠানের কাছে থাকা জিনিষ সংগ্রহ করার উদ্দেশ্যে আমরা হয়ত এটা ব্যবহার করতে পারি। এটা হয়ত আপনার বিষয়ে অথবা আপনার মামলার ওপর হয়ত প্রভাব ফেলতে পারে বলে আমরা মনে করি, এরকম অন্য কারুর সম্বন্ধে বা বিষয়ের সম্বন্ধে তথ্য হতে পারে।

কোন প্রতিষ্ঠান বা ব্যক্তিবিশেষ আমাদের তা দিতে না চাইলেও, কোন মামলার বিষয়ে অনুসন্ধান করার জন্য আমরা যেসব জিনিষ আমাদের দরকার বলে মনে করি, সেই সব জিনিষ আমরা সংগ্রহ করতে পারব। কোন মামলার বিষয়ে আমরা অনুসন্ধান করতে শুরু করার পরে, আমরা স্থির করব যে কি কি জিনিষ আমরা সংগ্রহ করতে চাই।

আমাদের কাছে যা তথ্য থাকে সেগুলিকে আমরা খুব সাবধানে রাখি। আমাদের যা যা দরকার শুধু সেগুলি সংগ্রহ করা এবং যতদিন আমাদের দরকার ঠিক ততদিনই এই তথ্য রাখা হচ্ছে আমাদের

লক্ষ্য। মামলা সংশ্লিষ্ট তথ্য আমরা কি ভাবে ও কখন অন্যদের জানানো হবে সে বিষয়ে আমরা খুব সাবধান থাকি এবং যখন ক্রিমিনাল এ্যাপীল এ্যাক্ট ১৯৯৫ ও ডেটা প্রোটেক্শন এ্যাক্ট ১৯৯৮ অনুসারে যদি অনুমতি থাকবে শুধু তখনই আমরা এটা অন্যদের জানাব।

আমরা যখন কোন মামলা আপীলের জন্য পাঠাই, তখন সেই আপীলের প্রাসঙ্গিক তথ্য সাধারণতঃ আবেদনকারীকে, আপীল কোর্টকে এবং প্রসিকিউশনকে জানানো হয়। আমরা যখন কোন মামলা পাঠাই, তখন সাধারণতঃ আমরা সেই মামলার সাথে জড়িত সব ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে সেটা জানাই। আমরা সাধারণতঃ সংবাদমাধ্যমে একটা ছোট অনুচ্ছেদ প্রকাশ করি, যেটাতে মামলাটিকে শনাক্ত করা হয় এবং সেটাকে কেন পাঠানো হচ্ছে তার মৌলিক কারণ বলে দেওয়া হয়। তাছাড়াও, আমরা মিস্ক্যারেজ অভ্ জাস্টিস সাপোর্ট সার্ভিসকে আবেদনকারীর সম্বন্ধে তথ্য জানাব। এরা হচ্ছে একটা দাতব্য প্রতিষ্ঠান, যারা ভুল ভাবে দোষী সাব্যস্ত করা লোকদের সাহায্য করতে চায়।

আমাদের মামলার ব্যাপারে কারা সিদ্ধান্ত নেবেন?

আমাদের কমিশনাররা সিদ্ধান্ত নেবেন যে কোন মামলাকে আপীল কোর্টের কাছে ফেরত পাঠানো হবে কিনা। আমাদের কমিশনাররা বিভিন্ন পেশাদারী পরিবেশের থেকে এসেছেন। এদের মধ্যেই অনেকের আইন সংক্রান্ত যোগ্যতা আছে এবং তাদের সকলের অভিজ্ঞতা ও জটিল বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতার জন্য তাদের বেছে নেওয়া হয়েছে। প্রধান মন্ত্রীর পরামর্শ অনুযায়ী রাণী এই কমিশনারদের নিয়োগ করেন।

এতে কতদিন সময় লাগবে?

এই পুনর্বিচার করাটা সরল হতে পারে এবং এটা করতে শুধু কয়েক সপ্তাহ সময় লাগতে পারে, অথবা এটা অপেক্ষাকৃত জটিল হতে পারে এবং অনেক মাস সময় লাগতে পারে।

আমি কি লীগাল এইড পাব?

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করায় সাহায্য করার জন্য, একজন সলিসিটার হয়ত লীগাল এইড স্কীমের আওতায় অর্থ পেতে পারেন। 0845 345 4345 (০৮৪৫ ৩৪৫ ৪৩৪৫) নম্বরে কমিউনিটি লীগাল এ্যাড্ভাইস-এর সাথে যোগাযোগ করে অথবা www.communitylegaladvice.org.uk ঠিকানায় তাদের ওয়েবসাইটে গিয়ে, একজন লইয়ারকে খুঁজে পাওয়ার জন্য আপনি পরামর্শ পেতে পারেন।

আমার মামলার ব্যাপারে ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন কি ভাবে আমার সাথে যোগাযোগ করবে?

বেশীর ভাগ সময়ে আপনার সাথে অথবা আপনার প্রতিনিধির সাথে আমরা লিখিত ভাবে যোগাযোগ করব। সব সময় আপনার সাথে যোগাযোগ করে (হয় ডাক মারফৎ নয়ত আপনি যদি আমাদের কোন ইমেইলের ঠিকানা দিয়ে থাকেন, তাহলে ইমেইলের মাধ্যমে) আপনাকে জানাব যে আপনার দরখাস্তের ফর্ম আমরা পেয়েছি। আপনার মামলার ব্যাপারে কি কি ঘটছে আমরা তার আধুনিকতম খবর আপনাকে জানাব ((হয় ডাক মারফৎ নয়ত ইমেইলের মাধ্যমে), কাজেই আপনার সঠিক ঠিকানা আমাদের কাছে থাকাটা গুরুত্বপূর্ণ। আপনার ঠিকানার কোন পরিবর্তন হলে, অথবা আপনার জেলের যদি বদল হয়, তাহলে আমাদের তা জানাতে ভুলে যাবেন না।

জেলের থেকে ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সাথে যোগাযোগ করার নিয়মগুলি প্রিজন সার্ভিস অর্ডার ৪৪০০-তে (Prison Service Order 4400-তে) বলে দেওয়া হয়েছে। আপনার যদি পড়া বা লেখার সমস্যা থাকে, তাহলে আপনার সাথে যোগাযোগ করার একটা উপযুক্ত উপায় আমরা খুঁজে বের করার চেষ্টা করব। তাছাড়াও, যে ক্ষেত্রে দরকার সে ক্ষেত্রে, আমরা অন্যান্য ভাষায় কাগজপত্র অনুবাদ করার কথা বিবেচনা করব।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সাথে আমি কি ভাবে যোগাযোগ করতে পারি?

আপনি ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনকে টেলিফোন করতে পারেন। কিন্তু আমরা সব জিনিষ লিখিত ভাবে রাখতে চাই, কারণ তার মানে হচ্ছে আমাদের কাছে সব কিছুর একটা পরিষ্কার রেকর্ড থাকবে, যাতে আমরা যখন আপনার মামলার সম্বন্ধে চিন্তা করব তখন আমরা সেগুলি আবার দেখতে পারব। ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সাথে যোগাযোগ করার তথ্য এই কাগজটির শেষে পাওয়া যাবে।

আপনারা কি এসে আমার সাথে দেখা করবেন?

বেশীর ভাগ ক্ষেত্রেই, আবেদনকারীর সাথে দেখা করা ছাড়াই, আমাদের যা যা দরকার তা আমরা লিখিত ভাবে, অথবা টেলিফোনে জানতে পারি। আমরা যদি মনে করি যে আপনার সাথে আমাদের মুখোমুখি কথা বলা দরকার, তাহলে আমরা হয় একটা ভিডিও কন্‌ফারেন্সেরর নয়ত আপনার সাথে দেখা করার বন্দোবস্ত করব।

আমার মামলাটা যদি ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন আর একটা আপীলের জন্য না পাঠায়, তাহলে কি হবে?

- আপনি যদি মনে করেন যে আপনার সাথে ন্যায্য আচরণ করা হয়নি, তাহলে ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাস্টমার সার্ভিসেজ ম্যানেজারের কাছে আপনি **প্রথা অনুযায়ী অভিযোগ** করতে পারেন। আপনার বিষয়টি আমরা বন্ধ করে দেওয়ার পরের ৩ মাস পর্যন্ত আপনি অভিযোগ করতে পারবেন। কাস্টমার সার্ভিসেজ ম্যানেজার নিরপেক্ষ ভাবে বিচার করে দেখবেন যে ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন কিরকম আচরণ করেছে। এই কাস্টমার সার্ভিসেজ ম্যানেজার আপনার মামলাটির আবার পুনর্বিচার করে দেখতে পারবেন না।

- আপনি যদি মনে করেন যে আমরা যে ভাবে আমাদের সিদ্ধান্ত নিয়েছি তাতে কোন ত্রুটি ছিল, তাহলে **জুডিশিয়াল রিভিউর জন্য সেই এ্যাড়মিনিস্ট্রেশন কোর্টের কাছে আবেদন করতে পারেন**। এটা করার আগে আপনার কোন প্রথা অনুযায়ী অভিযোগ করার দরকার নেই, কিন্তু আপনার সচেতন থাকা উচিত যে জুডিশিয়াল রিভিউর প্রণালীর জন্য একটা সময়ের সীমা আছে। আমরা আপনাকে পরামর্শ দিচ্ছি যে এই পথে যাওয়ার আগে আপনি যেন আইন সংক্রান্ত নিরপেক্ষ পরামর্শ নেন।

- আপনার যদি কোন গুরুত্বপূর্ণ নতুন প্রমাণ বা যুক্তি থাকে, যেটা বিচারের বা আপীলের সময় অথবা ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আগেকার কোন দরখাস্তে বিবেচনার মধ্যে নেওয়া হয়নি, তাহলে আপনি **আবার দরখাস্ত করতে পারবেন**। কি কি জিনিষ নতুন এবং সেগুলি কেন এর আগের দরখাস্তের অন্তর্ভুক্ত করা হয়নি তা আমাদের বলার জন্য আপনার একটা নতুন ফর্ম পূরণ করার দরকার হবে।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশন যদি আমার মামলার পুনর্বিচার করে দেখে, তাহলে কি সেটা আমাকে ডিপোর্ট করা (এই দেশের থেকে জোর করে বার করে দেওয়া) বন্ধ করতে পারবে?

আপনার ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করার কারণে আপনাকে ডিপোর্ট করার প্রণালী স্থগিত রাখতে বাধ্য করার কোন নিশ্চিত অধিকার আপনার নেই। আমরা যদি আপনার মামলাটা আপীলের উদ্দেশ্যে পাঠাই, তাহলে এই আপীলটা শেষ হওয়া পর্যন্ত আপনাকে ডিপোর্ট করার প্রণালী হয়ত স্থগিত রাখা হতে পারে। ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের কাছে আবেদন করার পরে আপনাকে যদি ডিপোর্ট করা হয়, তাহলে আপনি অন্য কোন দেশে থাকলেও, যদি আপনি আমাদের একটা যোগাযোগ করার ঠিকানা বা ইমেইলের ঠিকানা দিয়ে যান, তাহলে আমরা আপনার মামলার পুনর্বিচার করে দেখতে পারব।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সম্বন্ধে এবং এটা কি ভাবে কাজ করে সে বিষয়ে আমি কোথায় আরও তথ্য কোথায় পাব?

ফর্মাল মেমোরান্ডা নামের এক গুচ্ছ কাগজে ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সম্বন্ধে বিস্তারিত তথ্য আছে। www.ccrc.gov.uk ঠিকানায় গিয়ে এবং “কেসওয়ার্ক”-এ (casework-এ) ক্লিক করে এগুলি ডাউনলোড করা যাবে। তাছাড়াও, আমাদের কাছে চিঠি লিখে আপনি এগুলি পেতে পারেন।

ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের সাথে যোগাযোগ করার তথ্য

আপনি যদি আমাদের সাথে যোগাযোগ করতে চান অথবা আমাদের একটা দরখাস্তের ফর্ম আপনাকে পাঠিয়ে দেওয়া হোক বলে আপনি চান, তাহলে দয়া করে নিচের ঠিকানায় আমাদের কাছে চিঠি লিখবেন:

Criminal Cases Review Commission,
5 St Philip's Place;
Birmingham CCRC
B3 2PW

টেলিফোন নম্বর: 0121 233 1473 (০১২১ ২৩৩ ১৪৭৩)
ক্রিমিনাল কেসেজ রিভিউ কমিশনের ইমেইলের ঠিকানা: info@ccrc.gov.uk